



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০১.০২.০৮৮.২৩.৩৪৬/১৭২০৭

তারিখ: ০৯-০৫-২০২৩

বিষয়: কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট, সিংড়া, নাটোর এর পাঠদান নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট, সিংড়া, নাটোর এর আবেদনের প্রেক্ষিতে উল্লেখিত প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রমের পাঠদান নিম্নবর্ণিত শর্তে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের জন্য নবায়ন করা হলো।

ক্র.নং	কোড	প্রতিষ্ঠানের ধরণ	জেলা	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	সর্বশেষ নবায়নের ফি প্রদানের শিক্ষাবর্ষ	টেকনোলজি
১.	২৪০৮৮	ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার	নাটোর	কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট সিংড়া, নাটোর।	২০২২-২০২৩	ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার

শর্তসমূহ:

- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান নীতিমালা, ২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো, স্থায়ী ও চলতি আমানতে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা আছে নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা ও পরিচালিত শিক্ষাক্রমে টেকনোলজিভিত্তিক নির্দিষ্ট আকারের ও সংখ্যক শ্রেণী কক্ষ থাকতে হবে।
- পরিচালিত টেকনোলজির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা অনুসারে ক্লাস পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।
- ব্যবহারিক ক্লাস পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
- প্রবিধান মোতাবেক ক্লাস রুটিন নিশ্চিত করতে হবে।
- ক্লাস রুটিন অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সন্তোষজনক হাজিরা নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর শিক্ষার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে।
- লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই থাকতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীর ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী অনুমোদিত পদ ও শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।
- এস, আর, ও নং ২৬৭/আইন/২০০৯ অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)

পরিদর্শক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ

কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট, সিংড়া, নাটোর।

প্রতিষ্ঠান কোড: ২৪০৮৮

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৪০১.০২.০৮৮.২৩.৩৪৬/১৭২০৭

তারিখ: ০৯-০৫-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর।
- ৫। পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, বাকাশিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাকাশিবো, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
- ৮। সংরক্ষণ নথি।

(ড. ইন্দ্রানী ধর)

উপপরিদর্শক (ডিপ্লোমা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা